

Working Group for Womens Trade/Economic Empowerment এর ৭ম সভার কার্যবিবরণীর উপর বিএআরসি'র ইনপুট

Working Group for Womens Trade/Economic Empowerment এর ৭ম সভায় আলোচনা করা বিষয়গুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রাসঙ্গিক। বিশেষত, নারী অর্থনৈতিক ক্ষমতায়ন এবং ট্রেড সম্পর্কিত বিষয়গুলির উন্নয়ন জন্য একটি সমন্বিত প্রয়াস প্রয়োজন। যেমন, নারীদের জন্য ব্যবসা এবং বাণিজ্যিক পরিবেশ তৈরি, নতুন প্রশিক্ষণ প্রোগ্রাম, ঋণ সুবিধা এবং মার্কেট এক্সেস বাড়ানোর জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। Working Group for Womens Trade/Economic Empowerment এর ৭ম সভার কার্যবিবরণী বিষয়ে বিএআরসি'র মতামত নিম্নে প্রদান করা হলোঃ

১. "Women Entrepreneurs Networking Platforms" বিষয়ে সভায় আলোচনা নারীদের ব্যবসা সম্প্রসারণ, দক্ষতা উন্নয়ন এবং নেটওয়ার্কিংয়ের সুযোগ তৈরি করে। সভায় নারীদের জন্য স্থানীয় ও আন্তর্জাতিক নেটওয়ার্ক, বিনিয়োগ এবং মূলধন সহজলভ্য করার বিষয়ে আলোচনা হয়েছে যেটি নারী উদ্যোক্তাদের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।
২. নারী উদ্যোক্তা কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন পণ্যের Test, b-মার্ক এবং CM Certification এর জন্য নির্ধারিত ফি আংশিক Rebate প্রদানের বিষয়টি অধিকতর পর্যালোচনা সাপেক্ষে বিবেচনা করা যেতে পারে।
৩. বিদেশে বাণিজ্য মেলায় অংশগ্রহণের জন্য সম্ভাবনাময় নারী উদ্যোক্তাদের সহায়তার ব্যাপারে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।
৪. সভায় বিআরসিপি-১ প্রকল্প কর্তৃক সুপারিশকৃত কার্যক্রমগুলো যথাযথভাবে প্রণয়ন ও বাস্তবায়নের দিকে মনোযোগ দিতে হবে। প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে নারীদের দক্ষতা বৃদ্ধি, অর্থনৈতিক অবকাঠামো উন্নয়ন এবং বাজারে প্রবেশাধিকার বৃদ্ধি নিশ্চিত করা একান্ত প্রয়োজন।


ড. মোঃ শফিকুল ইসলাম
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (এইআরএস)
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫